

এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির ৭ম সভার কার্যবিবরণী  
২২/২২ খিলজী রোড, মোহাম্মদপুর, ঢাকা- ১২০৭

এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির ৭ম (সপ্তম) সভা গত ৯ আগস্ট ২০২০ তারিখ অপরাহ্ন ৩:০০ ঘটিকায় সংস্থার প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক জনাব এ জেড এম সাখাওয়াত হোসেন। নৈতিকতা কমিটির নিম্নলিখিত সম্মানিত সদস্যবৃন্দ সভায় উপস্থিত ছিলেন:-

১. এ জেড এম সাখাওয়াত হোসেন ব্যবস্থাপনা পরিচালক	আহ্বায়ক
২. মো: গোলাম ফারুক পরিচালক (কর্মসূচী বাস্তবায়ন ও মান উন্নয়ন)	সদস্য
৩. মো: মাহবুবুল আলম পরিচালক (অর্থ ও ক্রয়)	সদস্য
৪. মো: ইশতিয়াক মাহমুদ মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা)	সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট
৫. মো: শহিদ রহমত কাদির মহাব্যবস্থাপক (মানব সম্পদ)	সদস্য
৬. ফওজিয়া তৌহিদ মহাব্যবস্থাপক (কমিউনিকেশন)	সদস্য

নৈতিকতা কমিটির সদস্য ও মহাব্যবস্থাপক (এমই অ্যান্ড এল) জনাব মো: লুৎফর রহমান অসুস্থতার কারণে সভায় উপস্থিত থাকতে পারেননি। সভায় পর্যবেক্ষক হিসেবে উপস্থিত ছিলেন জনাব তোয়ারিক্ক ইকবাল, ব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা)।

সভার আলোচ্যসূচী:

১. গত ২৯/০৬/২০২০ তারিখে অনুষ্ঠিত এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির ৬ষ্ঠ সভার কার্যবিবরণী পাঠ, বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।
২. এসডিএফ-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ পর্যালোচনা ও অনুমোদন প্রদান।
৩. বিবিধ।

## আলোচ্যসূচী-১ :

গত ২৯/০৬/২০২০ তারিখে অনুষ্ঠিত এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির ৬ষ্ঠ সভার কার্যবিবরণী পাঠ, বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা।

### আলোচনার সারসংক্ষেপ:

সভার শুরুতে প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক জনাব এ জেড এম সাখাওয়াত হোসেন গত ২৯ জুন ২০২০ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী এবং গৃহিত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জানতে চান। এ পর্যায়ে প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট এবং মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) জনাব ইশতিয়াক মাহমুদ ২০২০ সনের ২৯ জুন এ অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী এবং গৃহিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে উপস্থিত সকল সদস্যদের অবহিত করেন।

### সিদ্ধান্ত:

২৯/০৬/২০২০ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যের সর্বসম্মতিক্রমে গৃহিত হয় এবং গৃহিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রশংসা করা হয়।

## আলোচ্যসূচী-২ :

এসডিএফ-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ পর্যালোচনা ও অনুমোদন প্রদান।

### আলোচনার সারসংক্ষেপ:

এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক জনাব এ জেড এম সাখাওয়াত হোসেন এসডিএফ-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ এর প্রতিটি কার্যক্রম এবং ২০২০-২০২১ অর্থ বছরে এসডিএফ এর সংশ্লিষ্ট লক্ষ্যমাত্রা নির্ধারণের বিষয়টি নিয়ে প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির সকল সদস্যের সাথে বিস্তারিত আলোচনা করেন এবং প্রতি প্রান্তিকে নির্ধারিত লক্ষ্যমাত্রা পূর্ণাঙ্গভাবে অর্জনের উপর গুরুত্ব আরোপ করেন। উপস্থিত সকল সদস্যের মতামত ও বিস্তারিত আলোচনা সাপেক্ষে নিম্নবর্ণিত সিদ্ধান্তে উপনীত হন।

### সিদ্ধান্ত:

এসডিএফ-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ অনুমোদন প্রদান করা হয় এবং এ বিষয়ে প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট এবং মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) জনাব ইশতিয়াক মাহমুদকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও প্রতি প্রান্তিক অস্ত্রে শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার সকল কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণের অনুরোধ করা হয়।



### আলোচ্যসূচী-৩:

বিবিধ: এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটি পুনর্গঠন এবং সাসটেইনেবল কোস্টাল অ্যাণ্ড মেরিণ ফিশারিজ প্রজেক্ট (এসসিএমএফপি), কম্পোনেন্ট-৩ এর প্রকল্প সমন্বয়ক (মহাব্যবস্থাপক), জনাব এমআইএম জুলফিকার- কে নৈতিকতা কমিটির সদস্য হিসেবে অন্তর্ভুক্তিকরণ।


### আলোচনার সারসংক্ষেপ:

আলোচনার শুরুতে প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট এবং মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) জনাব ইশতিয়াক মাহমুদ এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটি পুনর্গঠনের বিষয়টি বিবেচনা এবং জনাব এমআইএম জুলফিকার, প্রকল্প সমন্বয়ক (মহাব্যবস্থাপক), কম্পোনেন্ট-৩, এসসিএমএফপি-কে নৈতিকতা কমিটির সদস্য হিসেবে অন্তর্ভুক্তিকরণের জন্য প্রস্তাব দেন। এ পর্যায়ে প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির আহ্বায়ক এবং সংস্থার ব্যবস্থাপনা পরিচালক জনাব এ জেড এম সাখাওয়াত হোসেন বিষয়টি নিয়ে উপস্থিত সকল সদস্যের মতামত জানতে চান এবং এ প্রস্তাবনার পক্ষে তার মতামত ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনার শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

### সিদ্ধান্ত:

জনাব এমআইএম জুলফিকার, প্রকল্প সমন্বয়ক (মহাব্যবস্থাপক), কম্পোনেন্ট-৩, বিএসসিএমএফপি কে এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির সদস্য হিসেবে অন্তর্ভুক্তিকরণের মাধ্যমে প্রধান কার্যালয় নৈতিকতা কমিটি পুনর্গঠিত হবে এবং এ বিষয়ে প্রধান কার্যালয় নৈতিকতা কমিটির সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট এবং মহাব্যবস্থাপক (সুশাসন ও জবাবদিহিতা) জনাব ইশতিয়াক মাহমুদ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় নৈতিকতা কমিটির সম্মানিত আহ্বায়ক এবং সভার সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



এ জেড এম সাখাওয়াত হোসেন

ব্যবস্থাপনা পরিচালক

এবং

আহ্বায়ক, এসডিএফ প্রধান কার্যালয় নৈতিকতা কমিটি